গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
সিটি কর্পোরেশন-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

পত্র সংখ্যা: ৪৬.০০.০০০০.০৭১.০২.০৬৯.২০২০-৩৮১

তারিখ: ১৯ জ্যৈষ্ঠ ১৪২৯
০২ জুন ২০২২

বিষয়: "রংপুর সিটি কর্পোরেশনের ৩৩টি ওয়ার্ডে বিভিন্ন রাস্তায় সড়ক বাতি স্থাপন" শীর্ষক প্রকল্পের অনুকূলে চলতি ২০২১-২২ অর্থ বছরে আরএডিপিতে বরাদ্দকৃত অর্থের বিভাজন অনুমোদনসহ ২য়, ৩য় ও ৪র্থ কিস্তি বাবদ অর্থ ছাড় সংক্রান্ত।

সূত্র: রংপুর সিটি কর্পোরেশনের পত্র সংখ্যা ৪৬.১৮.০০০০.৫০০.১২.০০১.২২.২৪৬, তারিখ: ১৮/০৫/২০২২

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, "রংপুর সিটি কর্পোরেশনের ৩৩টি ওয়ার্ডে বিভিন্ন রাস্তায় সড়ক বাতি স্থাপন" শীর্ষক প্রকল্পের মোট প্রাক্কলিত ব্যয় ৪৯.০০ কোটি টাকা। গত এপ্রিল ২০২২ পর্যন্ত মোট ১৯.৭৫ কোটি টাকা ছাড়া করা হয়েছে এবং মোট ১৫.০০ কোটি টাকা ব্যয় হয়েছে। সে অনুযায়ী ৪.৭৫ কোটি টাকা স্থিতি থাকবে, কিন্তু প্রেরিত ব্যাংক হিসাব অনুযায়ী গত ১৫/৩/২০২২ তারিখ পর্যন্ত ৯৭.১৫ লক্ষ টাকা স্থিতি রয়েছে যা অসামঞ্জস্যপূর্ণ। এছাড়া, প্রেরিত ব্যাংক হিসাবটি মেয়র, রংপুর সিটি কর্পোরেশনের নামে খোলা হয়েছে, যা প্রকল্পের নামে খোলা সমীচীন ছিল।

২। এমতাবস্থায়, বর্ণিত অসামঞ্জস্যর কারণ ব্যাখ্যাকরণের জন্য এবং প্রকল্পের নামে (ব্যক্তি বা প্রতিষ্ঠানের নামে নয়) ব্যাংক হিসাব খুলে প্রকল্পের অব্যয়িত অর্থ নতুন ব্যাংক হিসাবে স্থানান্তরপূর্বক ব্যাংক হিসাবের সাথে সামঞ্জস্য রেখে ২য়, ৩য় ও ৪র্থ কিস্তি বাবদ অর্থ ছাড়ের প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

02/6/2022

মোহাম্মদ জহিরুল ইসলাম
উপসচিব
ফোন: ৯৫৪৫৪১৬
ই-মেইল: lgcc2@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
রংপুর সিটি কর্পোরেশন, রংপুর।

অনুলিপি- সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

১. অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. যুগ্মসচিব (নগর উন্নয়ন-১), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. প্রকল্প পরিচালক, "রংপুর সিটি কর্পোরেশনের ৩৩টি ওয়ার্ডে বিভিন্ন রাস্তায় সড়ক বাতি স্থাপন" শীর্ষক প্রকল্প, রংপুর সিটি কর্পোরেশন।
৫. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।